

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ১১০৩

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১১. ইদত পালন, শোক প্রকাশ, জরায়ু শুদ্ধিকরণ ইত্যাদির বর্ণনা - গর্ভধারিণীর স্বামীর মৃত্যুর পর ইদাত পালন করা

আরবী

عَنْ الْمِسْوَرِ بْنِ مَخْرَمَةَ - رَضِيَ اللَّهُ عَنْهُ: أَنَّ سُبَيْعَةَ الْأَسْلَمِيَّةَ - رَضِيَ اللَّهُ عَنْهَا -
نُفِسَتْ بَعْدَ وَفَاةِ زَوْجِهَا بِلَيْالٍ، فَجَاءَتْ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَاسْتَأْذَنْتَهُ أَنْ
تَنْكِحَ، فَأَذِنَ لَهَا، فَانْكَحَتْ. رَوَاهُ الْبُخَارِيُّ
وَأَصْلُهُ فِي الصَّحِيحَيْنِ
وَفِي لَفْظٍ: أَنَّهَا وَضَعَتْ بَعْدَ وَفَاةِ زَوْجِهَا بِأَرْبَعِينَ لَيْلَةً
وَفِي لَفْظٍ لِمُسْلِمٍ: قَالَ الزُّهْرِيُّ: وَلَا أَرَى بَأْسًا أَنْ تَزَوَّجَ وَهِيَ فِي دِمَافِهَا، غَيْرَ أَنَّهُ لَا يَقْرُبُهَا
زَوْجُهَا حَتَّى تَطْهَرَ

সহিহ. রোহা البخاري (5320)

রোয় البخاري (5318), ومسلم (1485), عن أم سلمة زوج النبي صلى الله عليه وسلم؛ أن امرأة من أسلم يقال لها سُبَيْعَةُ، كانت تحت زوجها، توفي عنها وهي حبلى، فخطبها أبو السنا بل بن بعكك، فأبت أن تنكحه، فقال: والله ما يصلح أن تنكحه حتى تعتدي آخر الأجلين، فمكثت قريبا من عشر ليال، ثم جاءت النبي صلى الله عليه وسلم فقال: «انكحي». واللفظ للبخاري. وروى أيضا البخاري (5319)، ومسلم (1484)، وعن سبيعة نفسها أنها سألت النبي صلى الله عليه وسلم؛ فقالت: أفأتاني إذا وضعت أن أنكح. واللفظ للبخاري. ولفظ مسلم: أفأتاني بأني قد حلت حين وضعت

حملي. وأمرني بالتزوج إن بدا لي

বাংলা

১১০৩। মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ) হতে বর্ণিত যে, সুবায়'আ আসলামীয়া তার স্বামীর মৃত্যুর কয়েকদিন পর সন্তান প্রসব করে। এরপর সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বিয়ে করার অনুমতি প্রার্থনা করে, তিনি তাকে অনুমতি দেন। তখন সে বিয়ে করে।[1]

এর মূল হাদীস বুখারী ও মুসলিম-এ রয়েছে।[2] তাতে আছে—তিনি তাঁর স্বামীর মৃত্যুর ৪০ রাত পর সন্তান প্রসব করেছিলেন।

আর মুসলিমের শব্দে এসেছে— যুহরী (তাবি'ঈ) বলেছেনঃ রক্তস্রাব হওয়া অবস্থায় বিবাহ হওয়াতে আমি ক্রটি মনে করি না, কিন্তু পবিত্র না হওয়া পর্যন্ত স্বামী যেন তার নিকটবর্তী না হয়।[3]

ফুটনোট

[1] বুখারী ৫৩২০, নাসায়ী ৩৫০৬, ইবনু মাজাহ ২০২৯, আহমাদ ১৮৪৩৮, মালেক ১২৫২।

[2] বুখারীতে রয়েছে।

عن أم سلمة زوج النبي صلى الله عليه وسلم؛ أن امرأة من أسلم يقال لها سُبَيْعَة، كانت تحت زوجها، توفي عنها وهي حبلى، فخطبها أبو السنا بل بن بعكك، فأبت أن تنكحه، فقال: والله ما يصلح أن تنكحيه حتى تعتدي آخر الأجلين، فمكثت قريبا من عشر ليال، ثم جاءت النبي صلى الله عليه وسلم فقال: انكحي

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী সালামাহ (রাঃ) হতে বর্ণিত যে, আসলাম গোত্রের সুবায়'আ নামের এক স্ত্রীলোককে তার স্বামী গর্ভাবস্থায় রেখে মারা যায়। এরপর আবু সানাবিল ইবনু বা'কাক প্রচণ্ড তাকে বিয়ে করার প্রস্তাব দেয়। কিন্তু মহিলা তাকে বিয়ে করতে অস্বীকার করে। সে (আবু সানাবিল) বলল : আল্লাহর শপথ! দু'টি মেয়াদের মধ্যে দীর্ঘতর মেয়াদ অনুসারে ইদাত পালন না করা পর্যন্ত তোমার জন্য অন্যত্র বিয়ে করা-জাযিয় হবে না। এর প্রায় দশ দিনের মধ্যেই সে সন্তান প্রসব করে। এরপর সে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলে তিনি বললেন : এখন তুমি বিয়ে করতে পার। (বুখারী ৪৯০৯)

[3] মুসলিম ৩৮৮৪।

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70914>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন